গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা
(রাজস্ব শাখা)
www.khagrachhari.gov.bd

স্মারক নম্বর-০৫.৪২.৪৬০০.০১৪.১১.০৮৪.২০.৭১৯

তারিখ: ১৯ বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ
০২ মে, ২০২১ খ্রিস্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি "

ভূমি মন্ত্রণালয়ের ০৯ মার্চ, ২০২১ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৯.১৯.১২১ নং ছাড়পত্র মোতাবেক খাগড়াছড়ি পার্বত্য জেলার ০৮ (আট) টি উপজেলা ভূমি অফিসের জন্য নিম্নবর্ণিত পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নম্বর | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ০১। | নাজির কাম ক্যাশিয়ার<br>গ্রেড-১৬<br>৯,৩০০-২২,৪৯০/- | ০৭ (সাত) টি | স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২। | সার্টিফিকেট পেশকার<br>গ্রেড-১৬<br>৯,৩০০-২২,৪৯০/- | ০৭ (সাত) টি | স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৩। | সার্টিফিকেট সহকারী<br>গ্রেড-১৬<br>৯,৩০০-২২,৪৯০/- | ০৭ (সাত) টি | স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪। | ক্রেডিট চেকিং কাম সায়রাত সহকারী<br>গ্রেড-১৬<br>৯,৩০০-২২,৪৯০/- | ১৪ (চৌদ্দ) টি | স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৫। | প্রসেস সার্ভার<br>গ্রেড-১৯<br>৮,৫০০-২০,৫৭০/- | ০৯ (নয়) টি | (ক) স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) ফটোকপি মেশিন চালনায় দক্ষতা থাকতে হবে। |

### আবেদনের শর্তাবলী

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীর বয়সসীমা আগামী ০৬/০৫/২০২১ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্য ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত / প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদ পত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।

চলমান পাতা-০২

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;

খ) নূন্যতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;

ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র;

চ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ন্যূনতম ৯ম গ্রেডের সরকারি কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

ছ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসনদ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

জ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঝ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা কমানডেন্ট আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঞ) জেলা প্রশাসক/সার্কেল চিফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সনদপত্র;

ট) প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ /প্রমাণপত্রের সনদ;

ঠ) ডাউনলোডকৃত Applicant copy এর সত্যায়িত কপি;

ড) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

০৫। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে THE RECRUITMENT RULES FOR THE UPAZILA REVENUE OFFICERS AND STAFF (MANAGEMENT SIDE) RULES, 1985 ও জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৬। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

০৭। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

০৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯। উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১০। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

১১। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১২। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

## অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ

১৪। ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dckc.teletalk.com.bd এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

অনলাইনে আবেদনপত্র গ্রহণের শুরুর তারিখ: ০৬/০৫/২০২১ সকাল ১০.০০ টা এবং শেষ তারিখ: ০৫/০৬/২০২১ সন্ধ্যা ০৬.০০ ঘটিকা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. অনলাইনে আবেদন পত্রে প্রার্থীতার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) এবং রঙিন ছবি ( দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel ) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online এ আবেদনপত্র পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদন পত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষ-সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

চলমান পাতা-০৩

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র ( Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন পত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য জনপ্রতি ১ হতে ৪ নম্বর ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বার) টাকা এবং ০৫ নম্বর ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে "Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদন কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: DCKC<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে
Example: DCKC ABCDEF & send to 16222
দ্বিতীয় SMS: DCKC <space>Yes<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে
Example: DCKC Yes 12345678 & send to 16222

চ) **প্রবেশপত্রঃ** প্রাপ্তির বিষয়টি http://dckc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন)করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে DCKC <space>Help<space>User<space>User ID & send to 16222
Example: DCKC Help User ABCDEF & send to 16222

ii) PIN Number জানা থাকলে DCKC <space>Help <space>PIN <space> PIN No & send to 16222
Example: DCKC Help PIN 1234567 & send to 16222

(ঝ) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http://dckc.teletalk.com.bd এবং www.khagrachhari.gov.bd-তে পাওয়া যাবে।

০২/০৫/২১

(প্রতাপ চন্দ্র বিশ্বাস)
জেলা প্রশাসক
খাগড়াছড়ি পার্বত্য জেলা
ফোন: ০৩৭১-৬১৮১১, ফ্যাক্স: ০৩৭১-৬১৩২৮
dckhagrachari@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪২.৪৬০০.০১৪.১১.০৮৪.২০.৭১৯

তারিখ: ১৯ বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ
০২ মে, ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ও সভাপতি, বিভাগীয় নির্বাচনী বোর্ড, চট্টগ্রাম।
০৩। জেলা প্রশাসক...............................(সকল)।

অনুলিপি জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৩। সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৪। মেয়র, খাগড়াছড়ি পৌরসভা/রামগড় পৌরসভা/মাটিরাঙ্গা পৌরসভা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৫। জেলা................................................... অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খাগড়াছড়ি সদর/মাটিরাঙ্গা/রামগড়/পানছড়ি/গুইমারা/লক্ষ্মীছড়ি/মহালছড়ি/মানিকছড়ি/দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, খাগড়াছড়ি সদর/মাটিরাঙ্গা/রামগড়/পানছড়ি/গুইমারা/লক্ষ্মীছড়ি/মহালছড়ি/মানিকছড়ি/দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৮। সহকারী কমিশনর (ভূমি), খাগড়াছড়ি সদর/মাটিরাঙ্গা/রামগড়/পানছড়ি/লক্ষ্মীছড়ি/মহালছড়ি/মানিকছড়ি/দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা, এ অফিস (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১০। সম্পাদক, দৈনিক যুগান্তর/দৈনিক অরণ্য বার্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা। উপরিউক্ত বিজ্ঞাপনটি ০৩/০৫/২০২১ তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে (৪×২০ ইঞ্চি কলামে) প্রকাশ করে পত্রিকার ০৫(পাঁচ) কপি জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০২/৫/২১

জেলা প্রশাসক
খাগড়াছড়ি পার্বত্য জেলা